**চতুর্দশতম ভারত-ফ্রান্স সিইও ফোরামে বক্তব্য পেশ করলেন প্রধানমন্ত্রী (11 ফেব্রুয়ারি, 2025)**

11 ফেব্রুয়ারি, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং ফ্রান্সের প্রেসিডেন্ট মহামহিম ইমানুয়েল ম্যাক্রঁ যৌথভাবে প্যারিসে আজ চতুর্দশতম ভারত-ফ্রান্স সিইও ফোরামে বক্তব্য পেশ করেন। এই ফোরাম উভয় পক্ষের বিভিন্ন গ্রুপ কোম্পানীর সিইও দের এক মঞ্চে নিয়ে এসেছে, যার মধ্যে প্রতিরক্ষা, এরোস্পেস, জটিল এবং উদীয়মান প্রযুক্তি, অবকাঠামো, উন্নত উৎপাদন, কৃত্রিম বুদ্ধিমত্তা, জীবন-বিজ্ঞান, সুস্থতা ও জীবনযাত্রা এবং খাদ্য ও আতিথেয়তার মতো ক্ষেত্রের উপর ফোকাস করা হয়েছে।

2. প্রধানমন্ত্রী তার ভাষণে ভারত-ফ্রান্স ব্যবসা ও অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধি এবং দুই দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্বের জন্য উৎসাহ প্রদানের কথা উল্লেখ করেন। ভারতের স্থিতিশীল রাজনীতি এবং পূর্বাভাসযোগ্য নীতি বাস্তুতন্ত্রের উপর ভিত্তি করে একটি পছন্দসই বৈশ্বিক বিনিয়োগের গন্তব্য হিসাবে ভারত কতটা আকর্ষণীয়, তা তিনি উল্লেখ ধরেন। সাম্প্রতিক বাজেটে ঘোষণা করা সংস্কারের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে, SMR এবং AMR প্রযুক্তির উপর ফোকাস করে বেসরকারি অংশগ্রহণের জন্য বীমা খাত এখন 100% FDI  এবং অসামরিক পারমাণবিক শক্তি খাতের জন্য উন্মুক্ত; কাস্টমস রেটের কাঠামো যুক্তিসঙ্গত করা হয়েছে; এবং জীবনযাপনের সহজতা বাড়ানোর জন্য সরলীকৃত আয়কর কোড চালু করা হয়েছে। সংস্কারের কাজ চালিয়ে যাওয়ার জন্য সরকারের প্রতিশ্রুতির কথা উল্লেখ করে তিনি বলেন যে, বিশ্বাসের উপরে ভিত্তি করে গড়ে ওঠা অর্থনৈতিক শাসন প্রতিষ্ঠার জন্য নিয়ন্ত্রক সংস্কারের জন্য একটি উচ্চ-স্তরের কমিটি গঠন করা হয়েছে। একই সাথে, গত কয়েক বছরে 40,000 এরও বেশি কমপ্লায়েন্সের সমাধান করা হয়েছে।

3. প্রতিরক্ষা, শক্তি, হাইওয়ে, বেসামরিক বিমান চলাচল, মহাকাশ, স্বাস্থ্যসেবা, ফিনটেক এবং টেকসই উন্নয়ন খাতে ভারতের বিকাশের শরিক হয়ে ওঠার জন্য প্রধানমন্ত্রী ফরাসী সংস্থাগুলিকে আমন্ত্রণ জানান। ভারতের দক্ষতা, প্রতিভা এবং উদ্ভাবন সম্পর্কে সারা বিশ্ব যেভাবে প্রশংসা করেছে এবং আগ্রহ দেখিয়েছে, সেই কথা উল্লেখ করে তিনি নতুন চালু হওয়া AI, সেমিকন্ডাক্টর, কোয়ান্টাম, ক্রিটিকাল মিনারেল এবং হাইড্রোজেন মিশনে পারস্পরিক বৃদ্ধি ও সমৃদ্ধির ক্ষেত্রে ভারতকে অংশীদার করার জন্য ফরাসি এন্টারপ্রাইজগুলির কাছে আহ্বান জানান। তিনি এই খাতে সক্রিয় সম্পর্কের গুরুত্ব তুলে ধরেন, উদ্ভাবন, বিনিয়োগ এবং প্রযুক্তি-চালিত অংশীদারিত্বকে উৎসাহিত করার জন্য উভয় দেশের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। প্রধানমন্ত্রীর সম্পূর্ণ বক্তব্য দেখা যেতে পারে **এখানে**

4. বিদেশ মন্ত্রী ড. এস. জয়শঙ্কর, ফ্রান্সের ইউরোপ ও পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী, মহামহিম জ্যঁ-নোয়েল ব্যারোট এবং ফ্রান্সের অর্থনীতি, অর্থ ও শিল্প ও ডিজিটাল সার্বভৌমত্ব মন্ত্রী, মহামহিম এরিক লোম্বার্ড এই ফোরামে বক্তব্য রাখেন।

5. উভয় পক্ষের সিইও, যারা এই বৈঠকে অংশগ্রহণ করেছিলেন:

**ভারতীয় পক্ষ:**

| | কোম্পানির নাম (সেক্টর) | নাম এবং পদ |
|---|---|---|
| 1 | জুবিলিয়েন্ট ফুডওয়ার্ক / জুবিলিয়েন্ট লাইফ সায়েন্সেস, খাদ্য ও পানীয় | হরি ভারতিয়া, সহ-চেয়ারম্যান এবং ডিরেক্টর |
| 2 | CII | চন্দ্রজিৎ ব্যানার্জি, ডিরেক্টর জেনারেল |
| 3 | টিটাগড় রেল সিস্টেম লিমিটেড (TRSL), রেলওয়ে ও পরিকাঠামো | উমেশ চৌধুরী, ভাইস চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর |
| 4 | ভারত লাইট অ্যান্ড পাওয়ার প্রাইভেট লিমিটেড, (রিনিউয়েবল এনার্জি) | তেজপ্রীত চোপড়া, প্রেসিডেন্ট ও সিইও |
| 5 | পি মফতলাল গ্রুপ, টেক্সটাইল ও ইন্ডাস্ট্রিয়াল প্রোডাক্ট | বিশাদ মফতলাল, চেয়ারম্যান |
| 6 | বোট, কনজিউমার ইলেকট্রনিক্স (ওয়্যারেবলস্) | আমান গুপ্তা, সহ-প্রতিষ্ঠাতা |
| 7 | দলিত ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (DICCI), বিজনেস অ্যাডভোকেসি ও ইনক্লুশন | মিলিন্দ কাম্বলে, প্রতিষ্ঠাতা/চেয়ারম্যান |
| 8 | স্কাইরুট এরোস্পেস, এরোস্পেস ও স্পেস এবং প্রযুক্তি | পবন কুমার চন্দনা, সহ-প্রতিষ্ঠাতা |

| | | |
|---|---|---|
| 9 | **অগ্নিকুল, এরোস্পেস ও স্পেস এবং প্রযুক্তি** | **শ্রীনাথ রবিচন্দ্রন, সহ-প্রতিষ্ঠাতা ও সিইও** |
| 10 | **টাটা অ্যাডভান্সড সিস্টেম লিমিটেড, এরোস্পেস এবং ডিফেন্স** | **সুকরণ সিং, ম্যানেজিং ডিরেক্টর** |
| 11 | **UPL গ্রুপ, অ্যাগ্রোকেমিক্যাল এবং এগ্রিবিজনেস** | **বিক্রম শ্রফ, ভাইস চেয়ারম্যান ও সহ-সিইও** |
| 12 | **সুলা ভাইনইয়ার্ডস, খাদ্য ও পানীয়** | **রাজীব সামন্ত, সিইও** |
| 13 | **ডায়নাম্যাটিক টেকনোলজিস লিমিটেড, এরোস্পেস ও ডিফেন্স, এবং ইঞ্জিনিয়ারিং** | **উদয়ন্ত মালহোত্রা, সিইও ও ম্যানেজিং ডিরেক্টর** |
| 14 | **টাটা কনসাল্টিং ইঞ্জিনিয়ার (TCE), ইঞ্জিনিয়ারিং এবং কনসাল্টিং** | **অমিত শর্মা, ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও** |
| 15. | নাইকা, কসমেটিক্স এবং কনজিউমার গুডস | ফাল্গুনী নায়ার, সিইও |

**ফরাসি পক্ষ:**

| | কোম্পানির নাম (সেক্টর) | নাম এবং পদ |
|---|---|---|
| 1 | এয়ার বাস, এরোস্পেস ও প্রতিরক্ষা | গিলোম ফরি, সিইও |
| 2 | এয়ার লিকুইড, কেমিক্যালস, হেলথ কেয়ার, ইঞ্জিনিয়ারিং | ফ্রাঁসোয়া জ্যাকো, সিইও এবং এয়ার লিকুইড গ্রুপের বোর্ড অফ ডিরেক্টর্স-এর সদস্য |
| 3 | ব্লাব্লাকার, ট্রান্সপোর্ট, সার্ভিসেস | নিকোলাস ব্রাসান, সিইও এবং সহ-প্রতিষ্ঠাতা |
| 4 | ক্যাপজেমিনি গ্রুপ, ইনফর্মেশন টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং | আইমান এজাত, সিইও |
| 5 | ড্যানওয়ান, খাদ্য ও পানীয় | আন্তোয়া দে সেন্ট-আফ্রিক, সিইও |
| 6 | EDF, শক্তি, বিদ্যুৎ | লুক রেমন্ত, চেয়ারম্যান এবং সিইও |
| 7 | এগিস গ্রুপ, আর্কিটেকচার কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং | লরেন জার্মেন, সিইও |
| 8 | এনজি গ্রুপ, এনার্জি, রিনিউয়েবল এনার্জি | ক্যাথেরিন ম্যাকগ্রেগর, এনজি-র সিইও এবং বোর্ড সদস্য |
| 9 | ল'রিয়াল, কসমেটিক্স এবং কনজিউমার গুডস | নিকোলাস হিরোনিমাস, সিইও এবং বোর্ড অফ ডিরেক্টর্সের সদস্য |

| | | |
|---|---|---|
| 10 | **মিস্ট্রাল AI, আর্টিফিশিয়াল ইন্টালিজেন্স** | **আর্থার মেনশ, সিইও এবং সহ-প্রতিষ্ঠাতা** |
| 11 | **নেভাল গ্রুপ, ডিফেন্স, শিপবিল্ডিং, ইঞ্জিনিয়ারিং** | **পিয়ের এরিক পমলেট, চেয়ারম্যান এবং সিইও** |
| 12 | **পেরনড রিকার্ড, অ্যালকোহল বেভারেজ, FMCG** | **অ্যালেক্সান্দার রিকার্দ, চেয়ারম্যান এবং সিইও** |
| 13 | **সাফরান, এরোস্পেস এবং প্রতিরক্ষা** | **অলিভিয়ের আন্দ্রেস, সিইও** |
| 14 | **সার্ভিয়ার, ফার্মাসিউটিকাল, হেলথ কেয়ার** | **অলিভিয়ার ল্যুরো, প্রেসিডেন্ট এবং সিইও** |
| 15 | **টোটাল এনার্জিস SE, এনার্জি** | **প্যাট্রিক পোয়ান্নে, চেয়ারম্যান এবং সিইও** |
| 16 | **ভিকাট, কনস্ট্রাকশন** | **গাই সিডোস, চেয়ারম্যান এবং সিইও** |

প্যারিস

11 ফেব্রুয়ারি, 2025